

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ এর শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মো: শাহীনুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ

তারিখ: ১২/৭/২০২২; সময়: সকাল-১০.০০ ঘটিকা।

স্থান: সম্মেলন কক্ষ, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ।

উপস্থিতি : সংযুক্ত (পরিশিষ্ট-ক)


জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিরাজগঞ্জ এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি মো: শাহীনুর রহমান এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মো: শরিফুল আলম. মৎস্য জরিপ কর্মকর্তা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় যে সকল কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে সে সকল বিষয়ে আলোকপাত করেন। বিশেষত পরিকল্পনায় ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো নিবিড়ভাবে সম্পাদনের জন্য সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগণসহ সকলকে মনোযোগ প্রদানের অনুরোধ করেন। তিনি চলমান অর্থবছরের দপ্তরের কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের কার্যক্রমসমূহের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনপূর্বক প্রেরণের লক্ষ্যে তা অনুমোদনের জন্য তিনি অনুরোধ জানান।

০২। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে বর্তমান অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ অনুসরণ করে কার্যক্রমসমূহ সম্পাদন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর সম্পাদিত কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

০১	এ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০২২) অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে দৃশ্যমান করার সিদ্ধান্ত গ্রহীত হয়।
০২	কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে সংশ্লিষ্ট হয়ে তদারকি নিশ্চিত করবেন।
০৩	ক্রয়ের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পণ, পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ যথাযথভাবে অনুসরণ করা।
০৪	উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা।
০৫	উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব বাজেটের কার্যক্রম বাস্তবায়নের পূর্বে উপপরিচালক, প্রকল্প পরিচালক ও জেলা মৎস্য কর্মকর্তা-কে লিখিতভাবে অবগত করা
০৬	জনস্বার্থে এবং অতি গুরুত্বপূর্ণ দাপ্তরিক কাজ ব্যতিত সরকারি যানবাহন ব্যবহার না করা
০৭	অফিসে পানি, বিদ্যুৎ, গ্যাস, পেট্রল ও লুব্রিকেন্ট, কাগজ এবং প্রিন্টার ব্যবহারে সার্শয়ি হওয়া

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১২/০৭/২০২২
(মোঃ শাহীনুর রহমান)
জেলা মৎস্য কর্মকর্তা
সিরাজগঞ্জ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
সিরাজগঞ্জ।
dfosirajgonj@fisheries.gov.bd

পত্র নং- ৩৩.০২.৮৮০০.৪০০.১৯.০০১.২২.৩৫৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), সিরাজগঞ্জ
- ৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, নিমগাছি মৎস্যচাষ প্রকল্প (রাজস্ব), রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ৬। প্রকল্প মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, হ্যাচারী কমপেক্স, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৭। সংশ্লিষ্ট নথি।

তারিখ- ১২/০৭/২০২২ খ্রি.


১২/০৭/২০২২
জেলা মৎস্য কর্মকর্তা
সিরাজগঞ্জ